

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমাজসেবা কার্যালয়  
লাকসাম, কুমিল্লা।  
dss.laksam.comilla.gov.bd


‘শেখ হাসিনার দিনবদলে  
সমাজসেবা এগিয়ে চলে’

স্মারক নম্বর- ৪১.০১.১৯৭২.০০০.০৬.০০১.২৩.৪৮৭

তারিখঃ ১২ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ

### নোটিশ

এতদ্বারা লাকসাম উপজেলার সমাজকল্যাণ ও সমাজসেবা বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৪ ডিসেম্বর ২০২৩ খ্রি: সকাল ১০:৩০ ঘটিকার সময় লাকসাম উপজেলার সমাজকল্যাণ ও সমাজসেবা বিষয়ক স্থায়ী কমিটির এক সভা উপজেলা পরিষদ মিলনায়তন, লাকসাম, কুমিল্লায় অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথা সময় ও তারিখে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো।



(উপন্যাস চন্দ্র দাস)

উপজেলা সমাজসেবা অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা সমাজকল্যাণ ও সমাজসেবা বিষয়ক স্থায়ী কমিটি

লাকসাম, কুমিল্লা।

[usso.laksamcomilla@gmail.com](mailto:usso.laksamcomilla@gmail.com)

Phone: 02-334407590

জনাব .....





সদস্য

উপজেলা সমাজকল্যাণ ও সমাজসেবা বিষয়ক স্থায়ী কমিটি

লাকসাম, কুমিল্লা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমাজসেবা কার্যালয়  
লাকসাম, কুমিল্লা।  
dss.laksam.comilla.gov.bd

উপজেলা সমাজকল্যাণ ও সমাজসেবা বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিতির হাজিরা সীট

ক্র. নং	সদস্যদের নাম ও ঠিকানা	পদবী	স্বাক্ষর
০১.	জনাব মহব্বত আলী ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।	সভাপতি	
০২.	জনাব মোঃ ওমর ফারুক চেয়ারম্যান, কান্দিরপাড়া ইউনিয়ন পরিষদ, লাকসাম, কুমিল্লা।	সদস্য	
০৩.	জনাব মোঃ শাহীন চেয়ারম্যান, মুদাফরগঞ্জ উত্তর ইউনিয়ন পরিষদ, লাকসাম, কুমিল্লা।	সদস্য	
০৪.	জনাব আবু ছায়েদ বাচ্চু কাউন্সিলর, লাকসাম পৌরসভা, লাকসাম, কুমিল্লা।	সদস্য	
০৫.	জনাব উপন্যাস চন্দ্র দাস উপজেলা সমাজসেবা অফিসার, লাকসাম, কুমিল্লা।	সদস্য সচিব	

সভা নং-৩১

অদ্য ১৪ ডিসেম্বর ২০২৩খ্রি: সকাল ১০:৩০ ঘটিকার সময় উপজেলা সমাজকল্যাণ ও সমাজসেবা বিষয়ক স্থায়ী কমিটির এক সভা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা এর সভাপতিত্বে উপজেলা পরিষদ মিলনায়তন, লাকসাম এ অনুষ্ঠিত হয়।  
সভার আলোচ্য বিষয় সমূহঃ

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। উপজেলা সমাজকল্যাণ পরিষদ হতে অসহায় ব্যক্তিদের মাঝে আর্থিক সহায়তা বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
- ৩। বিবিধ।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম ও স্বাক্ষর

- ১। জনাব মহব্বত আলী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা- (সভাপতি)- স্বাক্ষর অস্পষ্ট।
- ২। জনাব মোঃ ওমর ফারুক, চেয়ারম্যান, কান্দিরপাড় ইউনিয়ন পরিষদ, লাকসাম, কুমিল্লা- (সদস্য)- স্বাক্ষর অস্পষ্ট।
- ৩। জনাব মোঃ শাহীন, চেয়ারম্যান, মুদাফরগঞ্জ উত্তর ইউনিয়ন পরিষদ, লাকসাম, কুমিল্লা- (সদস্য)- স্বাক্ষর অস্পষ্ট।
- ৪। জনাব আবু ছায়েদ বাচ্চু, কাউন্সিলর, লাকসাম পৌরসভা, লাকসাম, কুমিল্লা- (সদস্য)- স্বাক্ষর অস্পষ্ট।
- ৫। জনাব উপন্যাস চন্দ্র দাস, উপজেলা সমাজসেবা অফিসার, লাকসাম, কুমিল্লা- (সদস্য সচিব)- স্বাক্ষর অস্পষ্ট।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যদেরকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার, লাকসাম বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। এতে কোন প্রকার পরিবর্তন ও পরিবর্ধন না থাকায় তা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

কমিটির সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার, লাকসাম, কুমিল্লাকে জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা সমাজকল্যাণ পরিষদ হতে অসহায় ব্যক্তিদের মাঝে আর্থিক সহায়তার জন্য বরাদ্দ প্রদান করা হয়। উক্ত বরাদ্দে প্রেক্ষিতে অত্র উপজেলার অসহায় ব্যক্তিদের হতে প্রাপ্ত আবেদনপত্র সমূহ যাচাই বাছাই ও চূড়ান্ত তালিকা প্রস্তুতের জন্য মেয়র, লাকসাম পৌরসভা এবং ইউপি চেয়ারম্যানবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন।

সভায় বিস্তারিত আলোচনান্তে সভাপতি ২০২৩-২০২৪ অর্থ বছরে বরাদ্দকৃত অর্থ দিয়ে অত্র উপজেলার অসহায় ব্যক্তিদের মাঝে আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে তালিকা প্রণয়ন করে যাচাই বাছাই ও চূড়ান্ত তালিকা প্রস্তুত করার জন্য মেয়র, লাকসাম পৌরসভা এবং ইউপি চেয়ারম্যানবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন এবং উপজেলা সমাজসেবা অফিসার, লাকসাম, কুমিল্লাকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হয়।

অদ্যকার সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।



(মহব্বত আলী)  
ভাইস চেয়ারম্যান  
ও  
সভাপতি

উপজেলা সমাজকল্যাণ ও সমাজসেবা বিষয়ক স্থায়ী কমিটি  
উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।